গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

**জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ-২০১৯ উদ্‌যাপন উপলক্ষে গঠিত 'উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের ভেন্যু, মঞ্চ ও সড়কদ্বীপ সজ্জিতকরণ, আসন বিন্যাস ও র‍্যালিসহ অনুষ্ঠান ব্যবস্থাপনা' উপ-কমিটির গৃহীত কাজের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী**

**সভাপতি: শেখ রফিকুল ইসলাম, অতিরিক্ত সচিব (প্রশাসন)**
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

তারিখ : ০৭.০৪.২০১৯ খ্রিস্টাব্দ
সময় : বেলা ২: ৩০ টা
স্থান : মন্ত্রণালয়ের মিনি সভাকক্ষ (কক্ষ নং-৩২৩, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)
উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযোজিত

১. আলোচনা

১.১ সভাপতি উপস্থিত সকলে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান, জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ-২০১৯ যথাযথভাবে উদ্‌যাপনের লক্ষ্যে প্রস্তুতি গ্রহণের ধারাবাহিকতায় আজকের এ সভা আহ্বান করা হয়েছে। তিনি প্রস্তুতির বিভিন্ন দিক তুলে ধরেন এবং এ বিষয়ে সকলের মতামত আহ্বান করেন। অতঃপর স্বাস্থ্য সেবা সপ্তাহের 'উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের ভেন্যু, মঞ্চ ও সড়কদ্বীপ সজ্জিতকরণ, আসন বিন্যাস ও র‍্যালিসহ অনুষ্ঠান ব্যবস্থাপনা' বিষয়ে উপ-কমিটির গৃহীত কাজের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

২. **বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

**২.১** স্বাস্থ্য সেবা সপ্তাহ ২০১৯ যথাযথভাবে আয়োজনের জন্য নিম্নরূপভাবে টিম গঠন করা হল:

**(ক)** টিম-১: ইভেন্ট ম্যানেজমেন্ট সমন্বয় টিম

| | | |
|---|---|---|
| ১. শেখ মুজিবর রহমান, অতিরিক্ত সচিব | - | দলনেতা |
| ২. জনাব এ,কে,এম ফজলুল হক, যুগ্মসচিব(পার-২) | - | সদস্য |
| ৩. বেগম শাহিনা খাতুন, উপসচিব | - | সদস্য |
| ৪. জনাব মো: শাহাদত হোসেন কবির, সিনিয়র সহকারী সচিব | - | সদস্য |
| ৫. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর প্রতিনিধি | - | সদস্য |
| ৬. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর প্রতিনিধি | - | সদস্য |

কার্যপরিধিঃ

১। উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের বিষয়ে প্রয়োজনীয় সকল কর্মকান্ড নিষ্পন্নকরণ।
২। BICC-এ প্রয়োজনীয় বিলের ব্যবস্থাকরণ।
৩। ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগ।
৪। অন্যান্য সকল কর্তৃপক্ষের সাথেসার্বক্ষনিক যোগাযোগ ও সমন্বয় সাধন করা।

**(খ)** টিম-২ র‍্যালিতে গেঞ্জি ও ক্যাপ সরবরাহ ও তদারকি টিম

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ সাইফুল্লাহিল আজম, যুগ্মসচিব | - | দলনেতা |
| ২। | জনাব মোঃ ছরোয়ার হোসেন, উপসচিব | - | সদস্য |
| ৩। | জনাব এসএম জাহাঙ্গীর হোসেন, সিনিয়র সহকারী সচিব | - | সদস্য |

কার্যপরিধিঃ

১। বিনা ব্যর্থতায় প্রয়োজনীয় সংখ্যক গেঞ্জি ও ক্যাপ সংগ্রহ করতে হবে। ক্রয় নীতিমালার আদলে সংগ্রহ করতে হবে।

২। র‍্যালির পূর্ব মুহূর্তে গেঞ্জি ও ক্যাপ বিতরণ করতে হবে। ৩০০-৪০০ সম সংখ্যক বয়স্কাউট ও গার্লস গাইড-এর র‍্যালিতে অংশ গ্রহণ নিশ্চিত করতে হবে।

৩। চাহিদা অনুযায়ী গেঞ্জি ও ক্যাপ ক্রয়, বিতরণ ও ব্যবস্থাপনা

৪। গেঞ্জি ও ক্যাপের সিল/ছাপ মাননীয় মন্ত্রীর মাধ্যমে চূড়ান্তকরণ

**(গ)** টিম-৩ বাদক দল ও ঘোড়ার গাড়িসহ র‍্যালি সজ্জিতকরণ টিম

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ সাইফুল্লাহিল আজম, যুগ্মসচিব | - | দলনেতা |
| ২। | বেগম শাহিনা খাতুন, উপসচিব | - | সদস্য |
| ৩। | জনাব মোঃ ছরোয়ার হোসেন, উপসচিব | - | সদস্য |
| ৪। | জনাব মোঃ মনিরুজ্জামান মোল্লা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |

কার্যপরিধিঃ

বাদক দলের অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং ঘোড়ার গাড়িসহ অন্যান্য প্রয়োজনীয় অনুষঙ্গের মাধ্যমে র‍্যালির সৌন্দর্য বৃদ্ধিকরণ

**(ঘ)** টিম-৪ স্কাউটস/গার্লস গাইড সমন্বয় টিম

| | | | |
|---|---|---|---|
| ১। | বেগম শাহিনা খাতুন, উপসচিব | - | দলনেতা |
| ২। | জনাব মোঃ শাহাদত হোসেন কবির, সিনিয়র সহকারী সচিব | - | সদস্য |
| ৩। | জনাব আবুল ফাতেহ্ মোঃ শফিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঢাকা | - | সদস্য |
| ৪। | জনাব মোঃ গোলাম মোস্তফা, পরিচালক (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস | - | সদস্য |

কার্যপরিধিঃ

১। আনুমানিক ৩০০ বয়েজ স্কাউটস ও গার্লস গাইড নির্বাচন করে র‍্যালিতে তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

২। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনা করে অপেক্ষাকৃত চৌকস ছেলে/মেয়েদের নির্বাচন করতে হবে।

৩। বাজেট অনুযায়ী তাদেরকে খাবারের অর্থ প্রদানের ব্যবস্থা করতে হবে

৪। অভিন্ন পোশাকে যথাসময়ে স্কাউটদেরকে উপস্থিত রাখতে হবে।

২.২ স্বাস্থ্য সেবা সপ্তাহের ২য় দিনে অর্থাৎ ১৭-০৪-২০১৯ তারিখে র‍্যালি অনুষ্ঠিত হবে।

২.৩ ডিএনসিসি ও ডিএসসিসির সহযোগিতায় ঢাকা মহানগরীতে এলইডি ডিসপ্লেতে স্বাস্থ্য সেবা সম্পর্কিত ভিডিওচিত্র প্রদর্শনের বিষয়টি সমন্বয় ও তদারকির জন্য জনাব মোঃ ছরোয়ার হোসেন, উপসচিবকে দায়িত্ব প্রদান করা হল। তিনি এ বিষয়ে ডিএনসিসি; ডিএসসিসি, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড এবং সড়ক ও জনপদ অধিদপ্তরের সাথে প্রয়োজনীয় যোগাযোগ ও সমন্বয় সাধন করবেন।

২.৪ ঘোষক/ঘোষিকা, ধর্মগ্রন্থ পাঠক ও ইশারাভাষা উপস্থাপক সরবরাহের জন্য বিটিভি কর্তৃপক্ষের নিকট চিঠি দিতে হবে। পরিচালক, নিপসম এই বিষয়ে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।

২.৫ আগামী ০৯-০৪-২০১৯ তারিখে এই উপকমিটির আরেকটি প্রস্তুতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে।

৩। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
০৭-০৪-২০১৯ খ্রিঃ
(শেখ রফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৩.১৮-৫২৮ তারিখঃ ০৭/০৪/২০১৯ খ্রিস্টাব্দ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u> :

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. অধ্যাপক ডাঃ ইহতেশামুল হক চৌধুরী, মহাসচিব, বাংলাদেশ মেডিকেল এ্যাসোসিয়েশন, বিএমএ ভবন, ঢাকা।
৪. নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর, কাকরাইল, ঢাকা।
৫. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে-বাংলা নগর, ঢাকা।
৬. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ঢাকা।
৭. যুগ্মসচিব (পার/প্রশাসন/পার-২/বেঃস্বাঃব্যঃ/নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. যুগ্মসচিব (প্রশাসন/নার্সিং), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯. জেলা প্রশাসক, ঢাকা)।
১০. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১. পরিচালক (নিপসম),মহাখালী, ঢাকা।
১২. উপসচিব (প্রশাসন-১/বিশ্বস্বাস্থ্য-১/শৃংখলা/নার্সিং সেবা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৩. উপসচিব (প্রশাসন-২/চিশি-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৪. জনাব মোঃ মনিরুজ্জামান মোল্লা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১৫. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৬. সিভিল সার্জন, ঢাকা।
১৭. সিনিয়র সহকারী সচিব (প্রবা-২/প্রশাসন-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৮. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

০৭.০৪.২০১৯
(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব